কৃষিই সমৃদ্ধি

# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন


কৃষি ভবন
৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
ক্ষুদ্রসেচ বিভাগ
www.badc.gov.bd


স্মারক নং-১২.২৫১.০২২.১১.০০.২৩৩.২০১১- ৩৮৪(৭) তারিখঃ ১৯ জানুয়ারি, ২০১৭

## পরিপত্র

"বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন এর ক্ষুদ্রসেচ উইং এর আওতাধীন সেচযন্ত্র পরিচালনা, মেরামত ও রক্ষণাবেক্ষণ নীতিমালা-২০১৬" বিগত ১৯ ডিসেম্বর, ২০১৬ তারিখে অনুষ্ঠিত সংস্থার পরিচালনা পর্ষদের ২০১৬-১৭ অর্থ বছরের দ্বিতীয় সাধারণ সভায় অনুমোদিত হয়েছে। অনুমোদিত নীতিমালাটি এতদসংগে প্রেরণ করা হলো যা অনতিবিলম্বে কার্যকর হবে।

এমতাবস্থায়, বর্ণিত নীতিমালাটি মাঠ পর্যায়ে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হলো। ইতিপূর্বে এতদসংক্রান্ত জারিকৃত অফিস আদেশ/পরিপত্র এ নীতিমালা দ্বারা প্রতিস্থাপিত বলে গণ্য হবে।

সংযুক্তঃ নীতিমালা- ৬ (ছয়) পৃষ্ঠা।


(উত্তম কুমার রায়)
প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ)
বিএডিসি, ঢাকা
ফোনঃ ৯৫৫২৬৮৭, ফ্যাক্সঃ ৯৫৫২৬৫৮
ই-মেইলঃ chiefengineer_mi@badc.gov.bd


অনুলিপি (কার্যার্থে):

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ক্ষুদ্রসেচ/সওকা),.................সার্কেল,....................।
২। প্রকল্প পরিচালক, ........................................প্রকল্প,.....................................।
৩। নির্বাহী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ/নির্মাণ/সওকা),..................রিজিয়ন,....................। আপনার রিজিয়নের আওতাধীন সকল জোন এবং ইউনিট পর্যায়ে সরবরাহ ও বাস্তবায়নের নিমিত্ত অনুরোধ করা হলো।

অনুলিপি (জ্ঞাতার্থে) জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়:
১। সদস্য পরিচালক (ক্ষুদ্রসেচ) এর সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।
২। চেয়ারম্যান, বিএডিসি, মহোদয়ের একান্ত সচিব, কৃষি ভবন, ঢাকা।
৩। প্রধান (মিশু), বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।
৪। উপ প্রধান প্রকৌশলী (জওঅ), বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।
৫। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ), পূর্বাঞ্চল/পশ্চিমাঞ্চল, বিএডিসি, সেচ ভবন, ঢাকা।
৬। প্রধান প্রকৌশলী (নির্মাণ/সওকা), বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।
৭। অফিস কপি।

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
কৃষি ভবন
৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
(ক্ষুদ্রসেচ বিভাগ)

# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন এর ক্ষুদ্রসেচ উইং এর আওতাধীন সেচযন্ত্র পরিচালনা, মেরামত ও রক্ষণাবেক্ষণ নীতিমালা-২০১৬

এই নীতিমালা ''সেচযন্ত্র পরিচালনা, মেরামত ও রক্ষণাবেক্ষণ নীতিমালা-২০১৬'' হিসেবে গণ্য হবে।

## ১.০ ঘণ্টাভিত্তিক পরিচালিত সেচযন্ত্রের সেচচার্জ ও মেরামত ব্যয়:

**১.১ ঘণ্টাভিত্তিক পরিচালিত সেচযন্ত্রের সেচচার্জ:** ঘণ্টাভিত্তিতে পরিচালিত বিভিন্ন ধরনের সেচযন্ত্রের সেচচার্জ আদায়ের হার হবে নিম্নরূপ:

| *ক্রঃ নং* | *সেচযন্ত্রের ধরন* | *ডিসচার্জ (কিউসেক)* | *ঘণ্টা প্রতি সেচচার্জ (টাকা)* |
|---|---|---|---|
| ০১ | গভীর নলকূপ (বারিড পাইপ/পাকা নালা) | ২.০০ কিউসেক (মটরের ক্ষমতা ২২.৫ কিলোওয়াট পর্যন্ত) | ১০০/- |
| ০২ | গভীর নলকূপ (বারিড পাইপ/পাকা নালা) | ২.০০ কিউসেক (মটরের ক্ষমতা ২২.৫ কিলোওয়াট এর অধিক) | ১০০/- + প্রতি ৫.০ কিলোওয়াট ও এর অংশবিশেষের জন্য ঘণ্টা প্রতি ২০/- অতিরিক্ত যোগ হবে। |
| ০৩ | গভীর নলকূপ (কাঁচা নালা) | ২.০০ কিউসেক (মটরের ক্ষমতা ২২.৫ কিলোওয়াট পর্যন্ত) | ৮০/- |
| ০৪ | গভীর নলকূপ (কাঁচা নালা) | ২.০০ কিউসেক (মটরের ক্ষমতা ২২.৫ কিলোওয়াট এর অধিক) | ৮০/- + প্রতি ৫.০ কিলোওয়াট ও এর অংশবিশেষের জন্য ঘণ্টা প্রতি ২০/- অতিরিক্ত যোগ হবে। |
| ০৫ | গভীর নলকূপ (বারিড পাইপ/পাকা নালা) | ১.০০ কিউসেক | ৭৫/- |
| ০৬ | গভীর নলকূপ (কাঁচা নালা) | ১.০০ কিউসেক | ৭০/- |

১.২ ঘণ্টাভিত্তিক পরিচালিত ফোর্সমোড নলকূপ/গভীর নলকূপের বৈদ্যুতিক সংযোগ সংশ্লিষ্ট জোনের সহকারী প্রকৌশলীর পদবির বিপরীতে হবে।

১.৩ প্রাপ্ত সেচচার্জ থেকে বিদ্যুৎ খরচ, অপারেটর ভাতা ঘণ্টা প্রতি ১০/- (দশ) টাকা, যন্ত্রাংশ ক্রয়, কুপন ছাপানোসহ যাবতীয় মেরামত ও রক্ষণাবেক্ষণ ব্যয় অনুচ্ছেদ-৮ অনুযায়ী বহন করা যাবে। তবে ট্রান্সফরমার, বৈদ্যুতিক লাইন ও মিটার খোয়া গেলে তা পানি ব্যবহারকারী গ্রুপ (Water User Group) কে বহন করতে হবে।

১.৪ ট্রান্সফরমার বিকল হয়ে গেলে বিএডিসি মেরামত ব্যয় বহন করবে।

## ২.০ ভাড়াভিত্তিক পরিচালিত সেচযন্ত্রের সেচচার্জ ও মেরামত ব্যয়:

**২.১ ভাড়াভিত্তিক পরিচালিত সেচযন্ত্রের সেচচার্জ:** ভাড়াভিত্তিক পরিচালিত সেচযন্ত্রের বৈদ্যুতিক সংযোগ সংশ্লিষ্ট জোনের সহকারী প্রকৌশলীর পদবির বিপরীতে হবে। বছরভিত্তিক (অর্থবছর) নিম্নলিখিত হারে কিউসেকওয়ারী সেচযন্ত্রের জন্য পানি ব্যবহারকারী গ্রুপ (Water User Group) অগ্রীম সেচচার্জ হিসাবে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে

বিএডিসি'র সংশ্লিষ্ট ইউনিট/জোন দপ্তরে জমা প্রদান করবে। সেচচার্জ আদায়ের হার হবে নিম্নরূপ:

| ক্রঃ নং | সেচযন্ত্রের ধরন | ডিসচার্জ (কিউসেক) | সেচযন্ত্রের অর্থবছরভিত্তিক সেচচার্জ (টাকা) | |
|---|---|---|---|---|
| | | | বিদ্যুৎচালিত | ডিজেলচালিত |
| ০১ | গভীর নলকূপ (বারিড পাইপ/পাকা নালা) | ২.০০ কিউসেক | ২৩,৫০০/- | ১৫,০০০/- |
| ০২ | গভীর নলকূপ (কাঁচা নালা) | ২.০০ কিউসেক | ১৫,০০০/- | ১৩,৫০০/- |
| ০৩ | গভীর নলকূপ (বারিড পাইপ/পাকা নালা) | ১.০০ কিউসেক | ১৫,০০০/- | ১০,০০০/- |
| ০৪ | গভীর নলকূপ (কাঁচা নালা) | ১.০০ কিউসেক | ১০,০০০/- | ৭,৫০০/- |
| ০৫ | সোলার পাম্প | ৫.০০ কিউসেক | ২৫০০০/- | - |
| ০৬ | সোলার পাম্প | ১.৫০ কিউসেক এর অধিক | ২০,০০০/- | - |
| ০৭ | সোলার পাম্প | ১.০০ কিউসেক | ১৫,০০০/- | - |
| ০৮ | সোলার পাম্প | ০.৫০ কিউসেক | ১০,০০০/- | |
| ০৯ | এলএলপি (ভাসমান পাম্প) | ২৫.০ কিউসেক | ৮০,০০০/- | ৮০,০০০/- |
| ১০ | এলএলপি (ভাসমান পাম্প) | ১২.৫ কিউসেক | ৪০,০০০/- | ৪০,০০০/- |
| ১১ | এলএলপি (ভাসমান পাম্প) | ১০.০ কিউসেক | ৩৫,০০০/- | ৩৫,০০০/- |
| ১২ | এলএলপি (ল্যান্ড বেজ) | ৫.০০ কিউসেক | ২০,০০০/- | ১৫,০০০/- |
| ১৩ | এলএলপি (ল্যান্ড বেজ) | ২.০০ কিউসেক | ১০,০০০/- | ৭,০০০/- |
| ১৪ | এলএলপি (ল্যান্ড বেজ) | ১.০০ কিউসেক | ৫,০০০/- | ৪,০০০/- |
| ১৫ | অগভীর নলকূপ | ১.০০ কিউসেক | ৬,০০০/- | ৬,০০০/- |
| ১৬ | অগভীর নলকূপ | ০.৫০ কিউসেক | ৩,০০০/- | ৩,০০০/- |

২.২ ভাড়াভিত্তিক সেচযন্ত্রের ক্ষেত্রে বিএডিসি শুধুমাত্র সেচযন্ত্রের মেরামত ব্যয় বহন করবে। পানি ব্যবহারকারী গ্রুপ (Water User Group) কে বিদ্যুৎ বিল পরিশোধ করতে হবে। ট্রান্সফরমার, বৈদ্যুতিক লাইন ও মিটার খোয়া গেলে তা পানি ব্যবহারকারী গ্রুপ (Water User Group) বহন করবে।

২.৩ ট্রান্সফরমার বিকল হলে বিএডিসি মেরামত ব্যয় এর ৫০% (শতকরা পঞ্চাশ ভাগ) বহন করবে এবং সংশ্লিষ্ট স্কিমের পানি ব্যবহারকারী গ্রুপ (Water User Group) ৫০% (শতকরা পঞ্চাশ ভাগ) বহন করবে।

## ৩.০ অংশীদারিত্ব বা পার্টিসিপেশন ফি:

৩.১ **ফোর্সমোড নলকূপ/গভীর নলকূপ স্থাপনের পার্টিসিপেশন ফি:** ফোর্সমোড নলকূপ/গভীর নলকূপ স্থাপনের জন্য পানি ব্যবহারকারী গ্রুপ (Water User Group) নিম্নবর্ণিত হারে সেচযন্ত্রের কিউসেক ভিত্তিক পার্টিসিপেশন ফি ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে বিএডিসি'র ইউনিট/জোন দপ্তরে জমা প্রদান করবে।

| ক্র: নং: | ডিসচার্জ (কিউসেক) | ফোর্সমোড গভীর নলকূপ স্থাপনের পার্টিসিপেশন ফি |
|---|---|---|
| ১ | ২.০০ কিউসেক | ২০,০০০/- |
| ২ | ১.৫০ কিউসেক | ১৫,০০০/- |
| ৩ | ১.০০ কিউসেক | ১০,০০০/- |

৩.২ সেচনালা (বারিড পাইপ/পাকা নালা) নির্মাণের পার্টিসিপেশন ফি: পানি ব্যবহারকারী গ্রুপ (Water User Group) নিম্নবর্ণিত হারে সেচযন্ত্রের কিউসেক ভিত্তিক পার্টিসিপেশন ফি ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে বিএডিসি'র ইউনিট/জোন দপ্তরে জমা প্রদান করবে।

| ক্র: নং: | ডিসচার্জ (কিউসেক) | পার্টিসিপেশন ফি | |
|---|---|---|---|
| | | ৬০০ মিটার পর্যন্ত | ৬০০ মিটারের অধিক |
| ১ | ২৫.০০ কিউসেক | ২০,০০০/- | ২৫,০০০/- |
| ২ | ১২.৫০ কিউসেক | ২০,০০০/- | ২০,০০০/- |
| ৩ | ১০.০০ কিউসেক | ২০,০০০/- | ২০,০০০/- |
| ৪ | ৫.০০ কিউসেক | ২০,০০০/- | ২৫,০০০/- |
| ৫ | ২.০০ কিউসেক | ১৫,০০০/- | ২০,০০০/- |
| ৬ | ১.০০ কিউসেক | ১০,০০০/- | ১৫,০০০/- |
| ৭ | ০.৫০ কিউসেক | ৬,০০০/- | ৮,০০০/- |

৩.৩ সেচযন্ত্র বিদ্যুতায়নের পার্টিসিপেশন ফি: পানি ব্যবহারকারী গ্রুপ (Water User Group) নিম্নবর্ণিত হারে সেচযন্ত্রের কিউসেক ভিত্তিক পার্টিসিপেশন ফি ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে বিএডিসি'র ইউনিট/জোন দপ্তরে জমা প্রদান করবে।

| ক্রঃ নং | ডিসচার্জ (কিউসেক) | পার্টিসিপেশন ফি |
|---|---|---|
| ০১ | ২৫.০০ কিউসেক | ৩৫,০০০/- |
| ০২ | ১২.৫০ কিউসেক | ২৫,০০০/- |
| ০৩ | ১০.০০ কিউসেক | ২০,০০০/- |
| ০৪ | ৫.০০ কিউসেক | ২০,০০০/- |
| ০৫ | ২.০০ কিউসেক | ২০,০০০/- |
| ০৬ | ১.৫০ কিউসেক | ১৫,০০০/- |
| ০৭ | ১.০০ কিউসেক | ১৫,০০০/- |
| ০৮ | ০.৫০ কিউসেক | ১০,০০০/- |

৩.৪ সোলার পাম্প স্থাপনের জন্য পার্টিসিপেশন ফি: সোলার পাম্প স্থাপনের জন্য নিম্নবর্ণিত হারে সেচযন্ত্রের কিউসেক ভিত্তিক পানি ব্যবহারকারী গ্রুপ (Water User Group) পার্টিসিপেশন ফি ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে বিএডিসি'র ইউনিট/জোন দপ্তরে জমা প্রদান করবেন।

| ক্রঃ নং | ডিসচার্জ | পার্টিসিপেশন ফি |
|---|---|---|
| ০১ | ৫.০০ কিউসেক | ৩০,০০০/- |
| ০২ | ২.০০/১.৫০ কিউসেক | ২৫,০০০/- |
| ০৩ | ১.০০ কিউসেক | ২০,০০০/- |
| ০৪ | ০.৫০ কিউসেক | ১৫,০০০/- |

৩.৫ চলমান প্রকল্প/কর্মসূচির ডিপিপি/পিপিএনবিতে অন্তর্ভুক্ত পার্টিসিপেশন ফি সমূহ "বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের ক্ষুদ্রসেচ উইং এর আওতাধীন সেচযন্ত্র পরিচালনা, মেরামত ও রক্ষণাবেক্ষণ নীতিমালা-২০১৬" এর আলোকে সংশোধিত/প্রণীত হবে।

৪.০ জামানত:

সেচযন্ত্র সরবরাহের পূর্বে পানি ব্যবহারকারী গ্রুপ (Water User Group) নিম্নলিখিত হারে সেচযন্ত্রের বিপরীতে জামানত বাবদ অর্থ ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে বিএডিসি'র প্রকল্প পরিচালক/নির্বাহী প্রকৌশলী দপ্তরে জমা প্রদান করবেন যা আলাদা ব্যাংক একাউন্টে জমা থাকবে। এ জামানত ফেরতযোগ্য হবে। পানি ব্যবহারকারী গ্রুপ (Water

User Group) পাম্প সেট ব্যবহারের পর মৌসুম শেষে নির্ধারিত সময়ে নিজ খরচে পাম্প সেট বিএডিসি'র নিকটস্থ গুদামে জমা প্রদান করবে। পাম্প সেট ফেরৎ দেওয়ার পর গৃহীত জামানত পানি ব্যবহারকারী গ্রুপ (Water User Group) কে ফেরৎ প্রদান করা হবে।

পানি ব্যবহারকারী গ্রুপ (Water User Group) মৌসুম শেষে পাম্প সেট বিএডিসি'র গুদামে ফেরৎ দিতে ব্যর্থ হলে স্থানীয় প্রশাসনের সহযোগিতায় উক্ত পাম্প সেট মেরামতের জন্য বিএডিসি নিজ উদ্যোগে গুদামে ফেরৎ আনবে। সেক্ষেত্রে জামানতের টাকা হতে পরিবহন ব্যয় সমন্বয় করা হবে। জামানত আদায়ের হার নিম্নরূপ:

| ক্রঃ নং | সেচযন্ত্রের ধরন | ডিসচার্জ | জামানত (টাকা) |
|---|---|---|---|
| ০১ | এলএলপি (ভাসমান পাম্প) | ২৫.০০ কিউসেক | ১০,০০০/- |
| ০২ | এলএলপি (ভাসমান পাম্প) | ১২.৫০ কিউসেক | ৮,০০০/- |
| ০৩ | এলএলপি (ভাসমান পাম্প) | ১০.০০ কিউসেক | ৮,০০০/- |
| ০৪ | এলএলপি (ল্যান্ড বেজ) | ৫.০০ কিউসেক | ৭,০০০/- |
| ০৫ | এলএলপি (ল্যান্ড বেজ) | ২.০০ কিউসেক | ৫,০০০/- |
| ০৬ | এলএলপি (ল্যান্ড বেজ) | ১.০০ কিউসেক | ২,০০০/- |
| ০৭ | অগভীর নলকূপ (বিদ্যুৎ/ডিজেল) | ১.০০/০.৫০ কিউসেক | ২,০০০/- |

৫.০ কর্তৃপক্ষের সিদ্ধান্তের আলোকে সেচচার্জ (ভাড়া/ঘণ্টা ভিত্তিক), পার্টিসিপেশন ফি, জামানত ইত্যাদি ফি পরিবর্তনযোগ্য হবে।

**৬.০ চুক্তিপত্র সম্পাদন:**

৬.১ পাম্প সেট সরবরাহ, পরিচালনা, মেরামত ও রক্ষণাবেক্ষণের জন্য বিএডিসি ও পানি ব্যবহারকারী গ্রুপ (Water User Group) এর মধ্যে সংযুক্ত নমুনা মোতাবেক ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পের উপর একটি চুক্তিপত্র সম্পাদন করতে হবে। এছাড়া ঘণ্টাভিত্তিক পদ্ধতিতে পরিচালিত গভীর নলকূপের ক্ষেত্রে প্রতিবছর অপারেটর নিয়োগের জন্য আবেদনপত্র সহকারী প্রকৌশলীর দপ্তরে জমা দিতে হবে। সহকারী প্রকৌশলী ও সংশ্লিষ্ট উপ-সহকারী প্রকৌশলী প্রাপ্ত আবেদনপত্রসমূহ যাচাই বাছাই করবে। নির্বাহী প্রকৌশলী কর্তৃক অনুমোদন সাপেক্ষে সহকারী প্রকৌশলী প্রতিটি সেচযন্ত্রের জন্য একজন অপারেটর নিয়োগ প্রদান করবেন।

৬.২ সেচকাজে স্কিম পরিচালনা, সেচচার্জ আদায় অথবা কৃষকদের মধ্যে কোনরকম কোন্দল সৃষ্টি হলে উপজেলা সেচ কমিটির মাধ্যমে সমাধান করা হবে।

**৭.০ সেচযন্ত্র ফেরৎ:**

সরবরাহকৃত পাম্প সেট ৩০ জুন এর মধ্যে সেচচার্জ পরিশোধপূর্বক পানি ব্যবহারকারী গ্রুপ (Water User Group) নিজ দায়িত্বে ও নিজ খরচে মেরামতের উদ্দেশ্যে বিএডিসি'র নিকটস্থ গুদামে জমা প্রদান করবে।

**৮.০ সেচযন্ত্র পরিচালনা, মেরামত ও রক্ষণাবেক্ষণ ব্যয়:**

৮.১ ঘণ্টাভিত্তিক পরিচালিত সেচযন্ত্রের বিদ্যুৎ বিল ও অপারেটর ভাতা পরিশোধের পর মোট আদায়কৃত সেচচার্জের অনধিক ৪০% সহকারী প্রকৌশলী এবং অনধিক ৬৫% নির্বাহী প্রকৌশলীর অনুমোদনক্রমে, ৮৫% তত্ত্বাবধায়ক প্রকৌশলীর অনুমোদনক্রমে ব্যয় করা যাবে।

৮.২ ভাড়াভিত্তিক পরিচালিত সেচযন্ত্রসমূহের মোট আদায়কৃত সেচচার্জের অনধিক ২০% পর্যন্ত নির্বাহী প্রকৌশলীর অনুমোদনক্রমে, ৩০% পর্যন্ত তত্ত্বাবধায়ক প্রকৌশলীর অনুমোদনক্রমে ব্যয় করা যাবে।

৮.৩ বিশেষ ক্ষেত্রে স্কীম চালু রাখার স্বার্থে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সেচযন্ত্র মেরামত করা যাবে।

৮.৪ প্রকল্প/কর্মসূচি চলমান অবস্থায় ডিপিপি/পিপিএনবি'র বিধি-বিধান অনুযায়ী সেচযন্ত্র পরিচালিত হবে।

৮.৫ প্রকল্প/কর্মসূচি সমাপ্ত হওয়ার পর সেচযন্ত্রসমূহ সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর নিয়ন্ত্রণে নীতিমালা অনুযায়ী পরিচালিত হবে।

## ৯.০ সেচচার্জ প্রাপ্তির অর্থ ব্যাংক হিসাবে জমাকরণ ও ব্যবহার পদ্ধতি:

৯.১ নির্বাহী প্রকৌশলী তত্ত্বাবধায়ক প্রকৌশলীর সুপারিশে প্রধান প্রকৌশলীর অনুমোদনক্রমে সেচচার্জ জমা প্রদান ও খরচের জন্য একটি Short Notice Deposit (SND) একাউন্ট খুলবেন। আদায়কৃত সেচচার্জ পার্টিসিপেশন ফি (অনুচ্ছেদ- ১, ২, ৩ অনুযায়ী ধার্যকৃত) সংশ্লিষ্ট জোনের সহকারী প্রকৌশলী নির্বাহী প্রকৌশলীর উক্ত ব্যাংক হিসাবে (SND) আর্থিক বিধি মোতাবেক জমা করবেন। নির্বাহী প্রকৌশলী জোনওয়ারী জমার হিসাব ও জমাকৃত তহবিল সংরক্ষণ করবেন।

৯.২ সেচযন্ত্র পরিচালনা, মেরামত ও রক্ষণাবেক্ষণের জন্য সংশ্লিষ্ট জোনের সহকারী প্রকৌশলীর অনুকূলে একটি পরিপূরক তহবিল প্রদান করা হবে যা ‘‘সেচযন্ত্র পরিচালনা, মেরামত ও রক্ষণাবেক্ষণ তহবিল’’ নামে অভিহিত হবে। এ তহবিল হতে সংশ্লিষ্ট সহকারী প্রকৌশলী সেচযন্ত্র পরিচালনা, মেরামত ও রক্ষণাবেক্ষণ ব্যয় নির্বাহ করবেন এবং খরচের বিল/ভাউচারসমূহ যথানিয়মে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর দপ্তর হতে পুনর্ভরণের ব্যবস্থা গ্রহণ করবেন।

৯.৩ নির্বাহী প্রকৌশলীর দপ্তর SND তহবিল (জোনওয়ারী সেচচার্জ/ভাড়া বাবদ প্রাপ্ত অর্থ) থেকে তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট জোনের সহকারী প্রকৌশলীর পরিপূরক তহবিলে বিল/ভাউচারের সমপরিমাণ অর্থ চেকের মাধ্যমে যথানিয়মে পুনর্ভরণের ব্যবস্থা গ্রহণ করবেন।

৯.৪ সেচযন্ত্র পরিচালনা, মেরামত ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত ব্যয় নির্বাহের পর নির্বাহী প্রকৌশলীর SND হিসাবে সঞ্চয়কৃত অবশিষ্ট অর্থ সংশ্লিষ্ট অর্থবছর শেষে প্রকল্প ও বিভাগীয়ভাবে পরিচালিত সেচযন্ত্রের সেচচার্জ/ভাড়া প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ) ও কর্মসূচির সেচচার্জ/ভাড়া প্রধান প্রকৌশলী (সওকা) এর নির্ধারিত ব্যাংক হিসাবে জমা প্রদান করতে হবে, যা ভবিষ্যতে সেচযন্ত্র পরিচালনা, মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজে ব্যবহৃত হবে।

৯.৫ সহকারী প্রকৌশলী হতে পরিপূরক তহবিলের ব্যাংক হিসাব খোলার প্রস্তাব প্রাপ্তির পর প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ) উক্ত হিসাব খোলার অনুমোদন প্রদান করবেন। যে কোন তফশিলি ব্যাংকে হিসাব খোলার পর সহকারী প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলী এর দপ্তর হতে সেচযন্ত্রের পরিচালনা, মেরামত ও রক্ষণাবেক্ষণ ব্যয় বাবদ খরচ মিটানোর জন্য সেচযন্ত্রের সংখ্যা অনুযায়ী অগ্রীম গ্রহণ করবেন এবং পরবর্তীতে যা রিভলভিং ফান্ড (পুনর্ভরণ তহবিল) হিসেবে ব্যবহৃত হবে।

৯.৬ প্রতিটি সেচযন্ত্রের বিপরীতে গৃহীত অগ্রিম টাকার পরিমাণ হবে নিম্নরূপ:

| ক্রঃ নং | সেচযন্ত্রের ধরন | ডিসচার্জ (কিউসেক) | প্রতিটি সেচযন্ত্রের বিপরীতে গৃহীত অগ্রীম (টাকা) |
|---|---|---|---|
| ০১ | এলএলপি (ভাসমান পাম্প) | ২৫.০০/১২.৫/১০ | ১০,০০০/- |
| ০২ | এলএলপি | ৫/২/১ | ৫,০০০/- |
| ০৩ | সোলার | ৫/২/১/১.৫০/০.৫০ | ৩,০০০/- |
| ০৪ | গনকূ | ২/১.৫০/১.০০ | ৫,০০০/- |
| ০৫ | অগভীর নলকূপ | ১.০০/০.৫০ | ২,০০০/- |

২২.০১.১৭
আজমিরী নাসরিন রিজা
সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ)
বিএডিসি, কৃষিভবন, ঢাকা।

12.01.17
মোঃ মাজেদুল আলম
সহকারী প্রধান প্রকৌশলী
ক্ষুদ্রসেচ বিভাগ, বিএডিসি
কৃষি ভবন, ঢাকা।

12.01.17
মোঃ লুৎফর রহমান
উপ-প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ)-১
বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।

২২.০১.১৭
প্রকৌঃ উত্তম কুমার রায়
প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ)
বিএডিসি, কৃষিভবন, ঢাকা।

(নন-জুডিশিয়াল স্ট্যাম্প ৩০০.০০ টাকা)

**পাম্পিং সেট ব্যবহারের চুক্তিপত্রের নমুনা**

এই চুক্তিপত্র অদ্য ...........খ্রীস্টাব্দের ............মাসের...........তারিখে এবং..............বঙ্গাব্দের .................. মাসের ..............তারিখে উভয় পক্ষের মধ্যে সম্পাদিত ও স্বাক্ষরিত হলো।

চুক্তিপত্রটি বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, প্রধান কার্যালয়, "কৃষি ভবন", ৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০ (পরবর্তী পর্যায়ে "বিএডিসি" রূপে অভিহিত হবে এবং বিএডিসি শব্দটি স্থানীয় কর্মকর্তা বা স্থলাভিষিক্তকে বুঝাবে)।...............................(১ম পক্ষ)।

এবং

জনাব..........................পিতা...................মাতা.....................গ্রাম............ডাকঘর.................. থানা...........জেলা...........পাম্পিং সেট ব্যবহারকারী তথা পানি ব্যবহারকারী গ্রুপ (Water User Group) এর সেক্রেটারী/স্কিম ব্যবস্থাপক বা স্থলাভিষিক্তকে বুঝাবে। .......................(২য় পক্ষ)।

এর মধ্যে সম্পাদিত হলো।

১। ................ সেচ মৌসুমে............. স্কিমে বরাদ্দকৃত পাম্পিং সেট বিএডিসি কর্তৃক আরোপিত শর্তাবলী ও নীতিমালা পালন সাপেক্ষে সরবরাহ করা হবে।

২। ..................সেচ মৌসুমের অনুমোদিত স্কিমের জন্য প্রতিটি .............কিউসেক পাম্পিং সেটের বিপরীতে ... ..............(কথায়.............মাত্র) টাকা সেচচার্জ হিসাবে ধার্য করা হলো। এই অর্থ পাম্পিং সেট সরবরাহের পূর্বে প্রকল্পের পানি ব্যবহারকারী গ্রুপ (Water User Group) কর্তৃক বিএডিসি'কে এককালীন প্রদানযোগ্য/পরিশোধযোগ্য হবে।

৩। পাম্পিং সেট সরবরাহের পূর্বে প্রকল্পের পানি ব্যবহারকারী গ্রুপ (Water User Group) কর্তৃক প্রতিটি ...............কিউসেক পাম্পিং সেটের বিপরীতে ... ..........(কথায় .............মাত্র) টাকা জামানত হিসাবে বিএডিসি'কে এককালীন প্রদানযোগ্য/পরিশোধযোগ্য হবে। এ জামানত ফেরত যোগ্য হবে।

৪। প্রতিটি ...............কিউসেক পাম্পিং সেটের স্কীমের আওতায় ন্যুনতম ...............হেক্টর সেচযোগ্য জমি থাকতে হবে।

৫। স্কীমের পানি ব্যবহারকারী গ্রুপ (Water User Group) এর পক্ষে স্কীম ব্যবস্থাপক বিএডিসি'র স্বার্থে বিভিন্ন বিষয়ে যোগাযাগ রক্ষা করবেন।

৬। স্কীম এলাকায় পাম্প সেট পরিবহন, স্থাপন ও প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণের যাবতীয় ব্যয়ভার পানি ব্যবহারকারী গ্রুপ (Water User Group) বহন করবেন।

৭। পাম্প চালানোর জন্য যথার্থ মানের প্রয়োজনীয় তৈল-জ্বালানী/বিদ্যুৎ বিল পানি ব্যবহারকারী গ্রুপ (Water User Group) সরবরাহ করবেন।

৮। সেচ মৌসুম চলাকালীন সেচযন্ত্র মেরামতের জন্য কোন যন্ত্রাংশ প্রয়োজন হলে বিএডিসি উক্ত সেচযন্ত্রের সেচচার্জ বাবদ যে অর্থ আদায় করবে তা সেচযন্ত্র পরিচালনা, মেরামত ও রক্ষণাবেক্ষণ নীতিমালা-২০১৬ অনুযায়ী নির্বাহ করা হবে।

৯। আনুষাঙ্গিক সরঞ্জামাদিসহ পাম্পের সার্বিক নিরাপত্তা ব্যবস্থার দায়িত্ব পানি ব্যবহারকারী গ্রুপ (Water User Group) এর উপর ন্যাস্ত থাকবে।

১০। নিরাপত্তা বা অন্য কোন কারণে পাম্প নিকটবর্তী নিরাপদ স্থানে স্থানান্তরের প্রয়োজন দেখা দিলে বিএডিসি'র সিদ্ধান্ত অনুযায়ী পানি ব্যবহারকারী গ্রুপ (Water User Group) নিজ খরচে স্থানান্তরের ব্যবস্থা করবেন। পানি ব্যবহারকারী গ্রুপ (Water User Group) পাম্প ব্যবহারের পর মৌসুম শেষে নির্ধারিত সময়ে নিজ খরচে পাম্পিং সেট বিএডিসি'র নিকটস্থ অফিসে জমা দিবেন। জমা দেওয়ার পর গৃহিত জামানত পানি ব্যবহারকারী গ্রুপ (Water User Group) কে ফেরৎ দেওয়া হবে। পানি ব্যবহারকারী গ্রুপ (Water User Group) মৌসুম শেষে পাম্পিং সেট বিএডিসি'র গুদামে ফেরৎ দিতে ব্যর্থ হলে স্থানীয় প্রশাসনের সহযোগীতায় উক্ত পাম্পিং সেট মেরামতের জন্য বিএডিসি নিজ উদ্যোগে বিএডিসি'র গুদামে ফেরত আনবে। সেক্ষেত্রে জামানতের টাকা হতে পরিবহন ব্যয় সমন্বয় করা হবে।

১১। আরবিট্রেশনঃ এ চুক্তিপত্র হতে যদি কোন আপত্তি/বিতর্ক বা বিরোধ দেখা দেয় তবে প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ) বা তাঁর মনোনীত কোন কর্মকর্তা বিরোধ নিস্পত্তিকল্পে সোল আরবিট্রেটর হিসেবে কাজ করবেন এবং তাঁর রোয়োদাদ (এওয়ার্ড) উভয় পক্ষের নিকট চূড়ান্ত বলে বিবেচিত হবে। যে আরবিট্রেশন বা শালিসীর আবেদন পত্র সংশ্লিষ্ট তত্তাবধায়ক প্রকৌশলীর মাধ্যমে প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ) এর নিকট পাঠাতে হবে। শালিসীর পূর্বে শর্ত হলো, বিতর্কিত বিষয়ে আদালতে কোন প্রকার নালিশ করার পূর্বে করতে হবে। শালিসী কার্যক্রম ১৯৪০ সালের আরবিট্রেশন এ্যাক্ট অনুসারে পরিচালিত হবে।

উপরোক্ত সমস্ত তথ্য এবং শর্তাবলী যথাযথ অবগত হয়ে ও মেনে নিয়ে নিম্নবর্ণিত স্বাক্ষীগণের সম্মুখে নিজ নিজ পক্ষে অত্র চুক্তিপত্র স্বাক্ষরসহ সীল প্রদান করা হলো।

| | |
|---|---|
| বিএডিসি'র পক্ষে<br><br>বিএডিসি --------------------------<br>(সীল) | স্কিমের পানি ব্যবহারকারী গ্রুপ (Water User Group) এর পক্ষে<br><br>১। সভাপতি, পরিচালনা কমিটি<br><br>২। সেক্রেটারী/স্কিম ব্যবস্থাপক |
| সাক্ষীঃ<br>১।<br>২। | সাক্ষীঃ<br>১।<br>২। |